সিদ্ধ বৈষ্ণবাচার্য্যগণ কর্ত্তৃক প্রকাশিত মহাপ্রভুশ্রীচৈতন্যদেবের বিবিধ সিদ্ধ মন্ত্র প্রয়োগাদির সার সংকলন

শ্রী শ্রীচৈতন্যার্চ্চনসারঃ

(পুরশ্চরন বিধি সম্বলিত)



সংকলক ও সম্পাদক

শ্রীআদ্রীয়মান মিত্র

সিদ্ধ বৈষ্ণবাচার্য্যগণ কর্তৃক প্রকাশিত মহাপ্রভুশ্রীচৈতন্যদেবের
বিবিধ সিদ্ধ মন্ত্র প্রয়োগাদির সার সংকলন

শ্রী শ্রীচৈতন্যার্চ্চনসারঃ

(পুরশ্চরন বিধি সম্বলিত)

সংকলক ও সম্পাদক
শ্রীআদ্রীয়মান মিত্র



সংস্কৃত পুস্তক ভাণ্ডার
৩৮, বিধান সরণি, কলকাতা-৭০০ ০০৬

SREE SREE CHAITANYARCHANSARA
Edited By: Adriyaman Mitra

প্রথম সংস্করণ : কলকাতা বইমেলা ২০২৫

প্রকাশকঃ
সংস্কৃত পুস্তক ভাণ্ডার
৩৮, বিধান সরণি
কোলকাতা-৭০০ ০০৬
দূরাভাষ : ৭৫৯৫০ ৯৬৩০০

মুদ্রক ঃ
অভিনব মুদ্রণী
কলকাতা ৭০০ ০০৬

ওঁ নমঃ কৃষ্ণচৈতন্যায়

শ্রী শ্রী ভগবানের অশেষ কৃপায় শ্রীচৈতন্যার্চ্চনসার গ্রন্থটি প্রকাশিত হলো।

গ্রন্থটির মূল বিষয়বস্তু হলো সিদ্ধ বৈষ্ণবাচার্য্যগণের পদ্ধতি অনুসারে শ্রীচৈতন্যদেবের সিদ্ধ সাধন পদ্ধতি। চৈতন্যদেব যিনি কিনা সমগ্র মধ্যভারত এবং বিবেচনার নিরিখে সমগ্র ভারতেই যিনি ভক্তি আন্দোলনের পুরাধা। মধ্য যুগে গোটা ভারতবর্ষকে এবং বিশেষত এই বাংলাকে প্রেমভক্তিতে নিত্য আন্দোলিত করতেন যিনি, তিনি স্বয়ং শ্রী চৈতন্য মহাপ্রভু। তার ক্ষণস্থায়ী জীবন হাওয়া সত্বেও তার প্রেম ভক্তির নতুন ভাব জাগরণের ফলে তিনি আপামর ভারতবাসীর জীবনে চির জাগ্রত। তৎকালীন যুগের বঙ্গদেশীয় সমগ্র সংস্কৃতি তাকে ঘিরেই নির্মিত হয়েছিল, মঙ্গলকাব্য থেকে শুরু করে বিভিন্ন ভক্তিমূলক শাস্ত্র তাকে কেন্দ্র করেই গড়ে উঠেছিল। ভারতীয় দর্শনের নারদীয় ভক্তিসূত্রের মূল ভক্তিভাব এই শ্রীচৈতন্য মহাপ্রভু বঙ্গবাসীর জীবনের সাথে সংযোগ ঘটিয়েছিলেন। এই সমস্ত কর্মকাণ্ডের জন্য তিনি প্রত্যক্ষ ভগবানের প্রতিরূপে বিবেচিত হয়েছেন এবং অবতারস্বরূপে মানবজাতির হৃদয়ে অমলকমলে সতত বিরাজ করছেন।

এই মহাপ্রভুকে তৎকালীন যুগ কেন, আজও সকলে শ্রীকৃষ্ণের প্রত্যক্ষ প্রতিরূপ রূপে বিবেচনা করেন। যিনি গোলকধামে বৃন্দাবনে মথুরায় লীলা করেছেন, তিনি সপার্ষদ পরিবেষ্টিত হয়ে নবদ্বীপ ধামে লীলাপূর্বক সমগ্র ভারতবাসীকে প্রেম-ভক্তি তরঙ্গে তরঙ্গায়িত করেছে। সেই কারণে তার অঙ্গাঙ্গিন ভাবে জড়িত পরিষদগন তাকে প্রত্যক্ষ ভগবান রূপে পূজা এবং মন্ত্র নির্ণয় করেছেন।

তৎকালীন যুগে বৈষ্ণব পরিমণ্ডলে শ্রী চৈতন্য মহাপ্রভু ছিলেন আচার্য তুল্য এবং সাক্ষাৎ ব্যাস-গুরু প্রতিরূপ। যার উল্লেখ আমরা চৈতন্যভাগবত চৈতন্যচরিতামৃত এছাড়াও কবি কর্ণপুরের কচড়াতও পেয়েছি। চৈতন্য

মহাপ্রভু সমগ্র জনজাতির জীবনে বৈষ্ণব প্রভাবের দ্রষ্টা, সেই কারণে তৎকালীন যুগে প্রায় অনেকেই বৈষ্ণব ভাবাপন্ন হয়ে বৈষ্ণব ধর্মে অনুরক্ত হয়েছিলন। কিন্তু শ্রীমন চৈতন্য মহাপ্রভুর পরিষদ মুরারিভ্রাতা শ্রী নরহরি সরকার ঠাকুর নতুনভাবে চৈতন্য পরিমণ্ডল সৃষ্টি করলেন এই থেকেই চৈতন্যদেবের স্বতন্ত্র পূজা সূত্র, পূজা প্রকরণ, মন্ত্র,তন্ত্রের, যন্ত্রের স্ফুরণ হতে আরম্ভ করলো। এই বিষয়ে যদিও চৈতন্য ভাগবত ,গৌরাঙ্গ বিজয় প্রভৃতি গ্রন্থে শ্রী চৈতন্য মহাপ্রভুর নরদেহে থেকে দৈবভাব প্রাপ্তির ইতিহাস পরিলক্ষিত। নরহরি সরকার ঠাকুরের পর ধীরে ধীরে বিশ্বনাথ ঠাকুর চক্রবর্তী, বৃন্দাবনের ছয় গোস্বামী প্রভৃতি সকলে চৈতন্য কে অবতার অধিক স্বয়ং জনার্দন ভগবান রূপেও চিন্তা করতে থাকেন। এবং তারাই চৈতন্য পঞ্চায়তন চিন্তার মাধ্যমে চৈতন্য পূজা সূত্র বিভিন্নভাবে বিভিন্নক্রমে বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন গ্রন্থে সংকলন করতে আরম্ভ করলেন, এর মধ্যে উল্লেখযোগ্য, শ্রী নরহরি সরকার ঠাকুরের গ্রন্থ ভক্তিচন্দ্রিকা, অর্বাচীন কেনচিৎ ব্রহ্মযামল তন্ত্রের অন্তর্গত চৈতন্য কল্প, শ্রী শংকর বিদ্যাভারতীর চৈতন্যসুভগোদয়ঃ, বিশ্বনাথ চক্রবর্তীর শ্রী চৈতন্য চিন্তামণী অজ্ঞাতনামা কোনো বৈষ্ণব তন্ত্রাচারীর রচিত বিশ্বম্ভররহস্যম্, নিত্যানন্দরহস্যম্ প্রভৃতি গ্রন্থ। ইত্যাদি গ্রন্থ গুলির মাধ্যমে চৈতন্য দেবকে দেবত্ব রূপে অর্চন ভজন পূজন প্রসার হলো।

অনেকে বলে থাকেন যিনি মানবদেহে লীলা কারি তিনি ভগবান হয় কোন রূপে?, এবং আর পদ্ধতি বানোয়াট পদ্ধতি। সেই কর্মফলে কখনো কোনভাবে সাধন সিদ্ধ হওয়া যায় না। কারণ মনুষ্য রচিত গ্রন্থে সিদ্ধির উপায় নির্দেশিত হলেও তা সম্পর্কে সংশয় থাকে নাকি বিস্তার!

কিন্তু বৈষ্ণব সমাজে যারা এই গ্রন্থ গুলি রচনা করেছেন তারা বৈষ্ণব শিরোমনি রূপে সর্বজন সম্মুখে কীর্তিত বন্দিত।

এই সম্পর্কে বারাহী তন্ত্রের দ্বিতীয় পটল বলছে—

ন চ স্বয়ং কৃতং গ্রন্থং মন্যেনাপি কৃতং ন চ।
যস্মাৎ কলৌ ন প্রশস্ত মৃষিভি র্ভাষিতং পঠেৎ।

অর্থাৎ নিজকৃত গ্রন্থ এবং অন্যের দ্বারা রচিত গ্রন্থ অপাঠ্য কেবলমাত্র কলিকালে ঋষিগণ দ্বারা ভাসিত গ্রন্থই পাঠ্য।

এখানে এই ঋষিগণ এর নিরুক্তি যদি আমারা দেখি,তাহলে যাবে হংসপারমেশ্বর তন্ত্রে পঞ্চমপটলে ১৪৫ শ্লোকে

মহেশ্বরমুখাজ্ জ্ঞাত্বা যঃ সাক্ষাত্তপসা মনুং।
সংসাধয়তি শুদ্ধাত্মা স তস্য ঋষিররীতিতঃ।

অর্থাৎ মহেশ্বর এর মুখ থেকে নির্গত মন্ত্রের উপাসনা পদ্ধতি জ্ঞাত হয়ে যিনি সাধন করেন তিনি মন্ত্রের ঋষি।

এবার এই মহেশ্বর শব্দের আমরা কিন্তু সর্বাগ্রে শ্রীগুরুকে চিন্তা করতে পারি যথা—

গুরু সাক্ষাৎ মহেশ্বর গুরু এব সদাশিব।
স এব তন্ত্রবেত্তা চ সাক্ষাৎ শাস্ত্র র্ন সংশয়ঃ।।

অর্থাৎ যিনি গুরু তিনিই মহেশ্বর তিনিই সদাশিব তিনি তন্ত্র প্রকাশক এবং তিনি শাস্ত্র।

উক্ত সমস্ত নির্ণয়ানুসারে আমরা এই রূপ চিন্তা করতেই পারি যে যিনি ঋষি তিনিই গুরু অর্থাৎ, নরহরি ঠাকুর বিশ্বনাথ ঠাকুর রচিত গ্রন্থা দি বৈষ্ণব সমাজে গুরুকৃত ভাসিত গ্রন্থ তুল্য কারণ রসসুধাধারে শ্রী মাধবগুপ্ত বলেছেন

গুরু চ বৈষ্ণবাচার্য ধীর সন্তঃ জনার্দনং।
সর্বানাং সুসমজ্ঞাত্বা সাধয়েৎ কৃষ্ণচরণৌঃ।
তদেন ভাষিতগ্রন্থং বৈষ্ণবগ্রন্থ নির্ণয়ো।

অর্থাৎ গুরু বৈষ্ণব আচার্য ধীর সন্ত জনার্দন সবাইকে সমান জ্ঞান করে কৃষ্ণচরণ সাধনা করতে হয়। এবং তাদের ভাষিত গ্রন্থ বৈষ্ণব গ্রন্থ রূপে নির্ণয় করিবে।

এই থেকে আমরা বুঝতেই পারলাম নরহরি সরকার ঠাকুর, বিশ্বনাথ ঠাকুর প্রভৃতিদের রচিত গ্রন্থ মনুষ্য রচিত গ্রন্থ হলেও তা বৈষ্ণব সমাজের গুরু বৈষ্ণব আচার্য সন্ত ভাষিত গ্রন্থ তুল্য। এবং এনারা বৈষ্ণব জগতে গুরু ও আচার্য তুল্য তাদের মত গুরুর মত স্বরূপ মান্য।

চৈতন্যার্চ্চন সার আলোচন্য গ্রন্থটি আমি সেইরূপ বিভিন্ন শ্রেষ্ঠবৈষ্ণবাচার্য্যগণ কতৃক রচিত গ্রন্থ থেকে চৈতন্য মহাপ্রভু সম্পর্কিত বহুবিধ সাধন প্রণালী সংকলন করেছি। এই গ্রন্থে বৈষ্ণব আচার্য গণ কতৃক

বিভিন্ন শ্রী ব্রজনাথ কৃষ্ণের সাথে মহাপ্রভুর একীভূত মূর্তির বহুবিধ অদ্ভুত আশ্চর্যকর ধ্যান মন্ত্র আবরণ পূজা ও প্রয়োগ আচার সংকলন করেছি। বৈষ্ণব আচার্যগন যেরূপ নির্দেশ করেছেন তদ্রুপ এই গ্রন্থে সংকলন করেছি। অদ্ভুত বিষয় এখানে যে পাঞ্চরাত্রিক বৈষ্ণব সমাজ অপেক্ষা যে তন্ত্রোক্ত নিগুঢ় বৈষ্ণব সাধন এত প্রকট ছিল,তৎকালীন যুগে, তা এই সব গ্রন্থ অধ্যায়নের সময় ভেবে সত্যিই অবাক হয়েছি, যদিও তার পূর্বে গৌতমীয় তন্ত্র, কপিল পঞ্চরাত্র, অনন্ত সংহিতা, রাধা তন্ত্র, কৃষ্ণযমল তন্ত্র প্রভৃতির উল্লেখ পাওয়া যায়। সর্বজন বিদিত মহাপ্রভুর সহজিয়া তন্ত্রসাধনা (যদিও গৌড়ীয় বৈষ্ণবগণ অনেক ক্ষেত্রেই এই মত নাকোচ করে দেন, তথাপি বিবর্ত বিলাস, অদ্ভুতানন্দম্ প্রভৃতি গ্রন্থ পঠন পাঠন করলেই দেখা যায় এইসব কথা যথেষ্ট যুক্তিযুক্ত এবং প্রামান্য রূপ) নারদ পঞ্চরাত্র তৃতীয় রাত্রে শ্রীকৃষ্ণের রাত্রিকালীন মধু সংযোগে পূজা বিধি রচিত হয়েছে, আমরা অনেকে জানি যে মধু কারণের অনুকল্প রূপে ও চিন্তিত হয়। মহাপ্রভুর সাথে শ্রী নিত্যানন্দ শেষনাগাবতারের তন্ত্রোক্ত ক্রিয়াকর্ম আমরা সকলেই অবগত। তাই এই গ্রন্থ এক প্রকার তন্ত্রোক্ত পদ্ধতিরূপেই স্বীকৃত। নরহরি সরকার ঠাকুরের ভক্তি চন্দ্রিকা প্রভৃতি গ্রন্থ অধ্যায়ণের সময় যে সমস্ত মন্ত্র প্রাপ্ত হয়েছি তা অত্যন্ত চমকপ্রদ। এই নরহরি সরকার শ্রীকৃষ্ণলীলায় ছিলেন মধুমতি সখি সেই সম্পর্কে কবিকর্নপুর গৌরগণোদ্দেশদীপিকায় বলেছেন ১৭৭ নম্বর শ্লোকে—

পুরা মধুমতী প্রাণসখী বৃন্দাবনে স্থিতা।
অধুনা নরহর্য্যাখ্যঃ সরকার প্রভোঃ প্রিয়ঃ।।

এছাড়াও উক্ত গ্রন্থে ৬৪ মঞ্জুরী সম্পর্কে কৃষ্ণ অবতার সহিত চৈতন্য অবতারে বিভিন্ন স্বরূপে প্রকাশ ও চিন্তা, এই কবিকর্ণপুরের উক্ত গ্রন্থের মূলে প্রতিপাদিত বিষয়।

যে সমস্ত প্রাণ সখীগণ ছিলেন শ্রীকৃষ্ণের বৃন্দাবনে ও গোলকধামে তাদের সম্পর্কে রাসোল্লাস গ্রন্থে তৃতীয় উল্লাসে সদাশিব বলেছেন—

সর্ব্বা বৃন্দাবনো নারী কৃষ্ণ প্রেমবিহারিণী।
তা সর্ব্বো যোগিণী বিদ্যা নিগমাগমভাষিনী।।

অর্থাৎ বৃন্দাবনের যে সমস্ত প্রশ্ন প্রাণপ্রিয়া সুখীগণ ছিলেন তারা

প্রত্যেকেই যোগিনী এবং আগম, নিগমে পারদর্শিনী। আবার রাধাতন্ত্রের সপ্তদশ পটলে ১৬নং শ্লোকে বলা আছে—

কৃষ্ণমুগ্ধীকৃতাকারাঃ সবৃত্তি কৃষ্ণলালসা।
কৃষ্ণ গূঢ় রহস্যানি গায়ত্যঃ প্রেম বিহ্বলা।।

এছাড়াও উক্ত তন্ত্রটির যোড়শ পটল পাঠ করলেও একই অনুভূতি হবে।

এই থেকে প্রমাণিত হয় নরহরি আচার্য বিশ্বনাথ আচার্য মাধব গুপ্তাচার্য, কবি কর্ণপুর সকলেই পূর্ব কাল হতে সেই কৃষ্ণ সখী সময় থেকে আগম সম্বন্ধে যথেষ্ট সচেতন ও সজ্ঞাত।

নরহরি সরকার তার শিষ্য লোলকাচার্য কে যে ভক্তি চন্দ্রিকায় কৃষ্ণের মন্ত্র কীর্তন করেছিলেন তা অত্যন্ত চমপ্রদ সেই ক্ষেত্রে। ক্রীঁ এই মন্ত্রটি প্রেম বীজ রূপে কীর্তিত, এই সম্মর্কে চৈতন্যচিন্তামণীগ্রন্থে গ্রন্থাকার বলেছেন—

প্রেমবীজো ব্যাঞ্চনাদ্যাং ইন্দুবিন্দু বিভূষিতা।
স্বরার্নে চ তৃতীয়ান্তং যোজ্ঞ প্রেম প্রদায়কম্।।

আবার ঋকবেদে র-এর উচ্চারণ ল-এর মতো হয়েছে, যেমন অরংকৃতম্ শব্দটি পরবর্তীকালে লয়ের ফলে অলংকৃতম্ হয়ে গেছে, আবার শুক্র পরিবর্তন হয়ে হয়েছে শুক্ল, এই দুইয়ের আভিধানিক অর্থ একই ।মধ্য ভারতেও এই শব্দের বহু উল্লেখ পাওয়া যায় যেমন কালিয়ার উচ্চারণ কারিয়ার মতন, ইত্যাদি সুতরাং এদিক থেকেও দেখা যায় শব্দের বর্ণ পরিবর্তনের ফলে এবং অপভ্রংশের ফলে শব্দ ভিন্ন রূপে উচ্চারিত হয়েছে। সাধারণত সংস্কৃত উচ্চারণের ক্ষেত্রেও র এর উচ্চারণ লয় এর মত হয়। সঘোষ ধ্বনি ‘ল’ > ঘোযবৎ ধ্বনি ‘র’ তে পরিণত হয় বাগযন্ত্রের সুবিধার জন্য।

বহুবিদগ্ধ পণ্ডিত গণ বলেন ক্রীঁ এই বীজটি গুপ্ত কাম বীজ, আর এই কাম সকাম ও নিষ্কাম দুই ভাবেই চিন্তিত যার ফলস্বরূপ তন্ত্রের কামকলা বিদ্যা প্রকাশিত। আরে কামকালা মহাবিদ্যা কালী বীজের মধ্যেও অনুষ্ঠিত হয়। এই গুপ্ত কাম বীজ প্রেম বীজ রূপে আমায় গ্রহণ করেছে।

এছাড়াও যে কামবীজ সাধারণত কৃষ্ণ বীজ রুপে কীর্তিত তাহা গুপ্ত

কালী বীজ রূপে সাধকমণ্ডলে বিবেচিত হয়। পূর্বেই উল্লেখ করলাম কামকলা বিদ্যা এই ক্ষেত্রে প্রকৃষ্ট উদাহরণ। নির্মলানন্দ পরমহংস এই ক্ষেত্রে কৃষ্ণকালী তত্ত্ব অবতরণ কালে এ বিষয়ে তার বঙ্গবাসী পত্রিকায় ত্রয়োদশ শরৎ সংখ্যায় প্রকাশ করেছেন।

এছাড়াও স্বয়ং বিশ্বম্ভর রহস্যে নিত্যানন্দের এক অপূর্ব মন্ত্রোল্লেখিত হয়েছে। সেখানে বলা হয়েছে,

প্রণবো শক্তির্রমা কামো নিত্যানন্দায় চ
স্বাহান্তে সা মহামন্ত্র দৃশ্যাদৃশ্যফলপ্রদাম।

নরহরি সরকার ঠাকুর তার গ্রন্থে এই প্রেম বীজকেই কালী বীজ অনুরূপ গুপ্ত কাম বীজে প্রকাশ করে সুনির্দিষ্ট সমস্ত দশাক্ষরাদি মন্ত্র উল্লেখ করেছেন।

তিনি বলেছেন

কামো ধরিত্রামায়েন্দুকলিতঃ স্যাদ্রতিপ্রিয়ঃ।
আজো বহ্নিরমাযুক্তশ্চন্দ্রখণ্ডযুতঃ পরঃ।
প্রেমাখ্যো নাম বীজোহয়ং প্রেমভক্তিপ্রদাকং
কৃষ্ণচৈতন্যঙের্বহ্নিজায়ান্তো মনুরুত্তমঃ।
জপাদসৈব মন্ত্রস্য সর্ব্বসিদ্ধিং ব্রজেন্নরঃ।।

(মধুমতি সমিতি হতে প্রকাশিত ভক্তিচন্দ্রিকা প্রথম পটল ১০ নম্বর শ্লোক।)

এর অনুবাদ করতে গিয়ে কিশোরানন্দ ঠাকুর বলেছেন প্রথমে কাম বীজ কাহার স্বরূপ ককার লকার দীর্ঘই কার ও চন্দ্রবিন্দু এই বর্ণ চতুষ্টয়ের ক্রমসংযোগে সিদ্ধ হয়। তদন্তর প্রেম বীজ তাহার স্বরূপ ককার ও যথাক্রমে রেফ দীর্ঘ ঈকার ও চন্দ্রবিন্দুর সহিত সংযুক্ত করিলে নিষ্পন্ন হয়। কৃষ্ণ চৈতন্য শব্দ চতুর্থ্যান্তে ও স্বাহান্তে হইলেই দশাক্ষর সর্বোত্তম মন্ত্রসম্পন্ন হয়।

চৈতন্য যে স্বয়ং কৃষ্ণরূপি জর্নার্দনের অবতার তার সম্পর্কে চৈতন্যকল্প প্রথমধ্যায়ে ১৯নং শ্লোকে ব্রহ্মার প্রতি কৃষ্ণ বলেছেন—

ভবিষ্যামি শচীপুত্রঃ কলৌসংকীর্ত্তনানমে।
হরিনাম প্রদানেন লোকান্ সংতারয়াম্যহম্।।

সাধারণত রাধাকৃষ্ণ যুগল মন্ত্রেই মহাপ্রভুর পূজা বিধি হইয়া থাকে। বস্তুত সে ক্ষেত্রে কেবলমাত্র কৃষ্ণ ও রাধার পূজাই চৈতন্য মূর্তিতে সম্পাদিত হয়ে থাকে। কিন্তু বৈষ্ণব আচার্য চৈতন্য পারিষদ গণ কর্তৃক এই সমস্ত মন্ত্র আদিষ্টের ফলে এই মন্ত্রগুলিতেও মহাপ্রভু পূজা আচরণ করা অবশ্যই ফলপ্রদ। কারণ তারা চৈতন্যদেবকে স্বচক্ষে দর্শনপূর্বক তার স্বভাব ভাব প্রতিরূপ জ্ঞাত হয়েছেন, যার ফল স্বরূপ এই সিদ্ধপ্রদ মন্ত্র সকলের উদ্ধার করেছেন।

চৈতন্যমাহাত্মৎ সম্পর্ক ব্রহ্মযামলান্তর্গত অর্বাচিন চৈতন্যকল্প গ্রন্থে স্বয়ং শিব বলেছেন—

গৌরচন্দ্রং বিনা দেবি নাস্তি কশ্চিদ্দয়াময়ঃ।
সন্ততং দেব লোকঞ্চ হরের্নাম দদন্মুদা।।
চন্ডালাদাশ্চ যে লোকে হরিভক্তি পরায়ণাঃ।
অভজংস্তে গৌরচন্দ্রং দয়ালু সমদর্শনং।।
সংকীর্তন-প্রিয়ং গৌরং হরিভক্তি পরায়নং।
দধার মালাতীলকমুট্টোয়ন্ স্বনামকম্।।
গৌরচন্দ্রং বিনা দেবি যে ভজন্ত্যন্য দেবতাম্।
তেহপি গৌরং ভজন্তেব যতঃ সর্ব্বগতো হরিঃ।।
(দ্বিতীয় অধ্যায় ৯-১২ নবদ্বীপ হরিভক্তি প্রদায়িনী সংস্করণ)

প্রথম এইরূপ কোন বিষয় ছিলোনা, এই সম্পর্কে আমাকে প্রশ্ন করেছিল যে সে হল সুমন আমায় বলেছিল মহাপ্রভুর কি কোন তন্ত্রসম্মত পদ্ধতি হয় না কেউ যদি চায় তবে সে কি মহাপ্রভুকে তন্ত্রাচারে বা নিজের পরম্পরা অনুপাতে পূজা করতে পারেনা। সেই থেকে আমার কৌতূহল অনুসন্ধান শুরু, ধীরে ধীরে বিভিন্ন গ্রন্থ প্রাপ্ত হই এবং এই সম্পর্কে চিন্তা ও কর্মকান্ড শুরু হয়।এই গ্রন্থটিতে আমি যথাসম্ভব সাধারণের জন্য প্রস্তুত করেছি যাতে সর্ব সাধারন কিঞ্চিত মাত্র মন্ত্র দীক্ষা লাভ করে চৈতন্য মহাপ্রভুভগবানের অর্চণা করতে পারেন। এছাড়াও মূল প্রকরণ বহিঃভূত অন্যান্য সিদ্ধিপ্রদ কর্মকাণ্ড এই গ্রন্থে আমি সংযোগ করেছি, এবং সম্পূর্ণ বরাত বিহীন রূপে প্রস্তুত করেছি। মূল পদ্ধতির সর্বদা পূর্ণরূপে না অনুসরণ করে বিভিন্ন মত গ্রহণ মাধ্যমে গ্রন্থটিকে পূর্ণ করবার চেষ্টা

করেছি। গ্রন্থটিতে বিভিন্ন আবরণ দেবতাদের পূজা সংঘটিত হয়েছে এই আবরণ দেবতারা প্রত্যেকেই মনুষ্য শরীর ধারী, পূর্বেই বলেছি কবি কর্ণপুর তার গৌরগণোদ্দেশদীপিকা গ্রন্থে এই সম্পর্কে বলেছেন শ্রীকৃষ্ণ অবতার এবং রাম অবতারে লীলাহেতু যে সমস্ত চরিত্র ছিল প্রত্যেকে চৈতন্য অবতারের বিভিন্ন একীভূত পরিজনরূপে প্রকাশিত। নিত্যানন্দ অদ্বৈত প্রভৃতি গোষ্ঠে গোপ বংশোদ্ভুত ব্যক্তিগণ চৈতন্য অবতারের কলি কালে এই গৌড়বঙ্গে, উড়িষ্যা, মথুরা প্রভৃতি ক্ষেত্রে অবতীর্ণ হয়ে চৈতন্য মহাপ্রভুকে পারিষদ পরিবৃত করেছেন। তাই তাহাদের পূজা দেব পূজা তূল্য এবং সাক্ষাৎ দেবতার পরিষদ পূজা তূল্য।

এই গ্রন্থে যে সমস্ত প্রকরণ রচিত হয়েছে তা অবশ্য গুরুগম্য,গুরুর উপদেশ জ্ঞাত হয়েই এই সমস্ত পুস্তকে উল্লেখিতপ্রয়োগাদি কর্মকাণ্ড করাই শ্রেয়। আমার এই ক্ষুদ্র জ্ঞানে যতদূর সম্ভব চেষ্টা করেছি বইটিকে নির্ভুল করার তথাপি যদি কোন ভুল থেকে থাকে নিজ গুনে এই অধমকে ক্ষমা করে ভুল সংশোধন পূর্বক আপনার শ্রী চরণে বাধিত করবেন।

নরহরি ঠাকুর তার শিষ্য লোলকাচার্যকে মহাপ্রভুর পূজা সূত্রে যেসব পদ্ধতি উপদেশ করেছিলেন লোলকাচার্য দক্ষিণ ভারতীয় হওয়ার কারনে তার পদ্ধতি পাঞ্চরাত্রিকবৈষ্ণব ও তন্ত্রোক্ত পরিভাবে পরিপূর্ণ করেছিলেন। তিনি ছিলেন দক্ষিণ ভারতীয়, দক্ষিণ ভারতীয় পন্থা অনুসারে সর্ব আবরণ পূজার পর ধুপ দীপ নৈবেদ্য দান করা হয়, ভক্তি চন্দ্রিকা পুস্তকেও সেই রূপে উল্লেখ আছে। বিশেষত শ্রীকুলীয়কৌলাচারীগণ এবং শ্রী সম্প্রদায় ও রামানুজি পন্থীরা এই মত অবলম্বন করেন। কিন্তু এই বঙ্গদেশে সমস্ত কর্মকাণ্ড তোড়ল সূত্র শ্যামারহস্যম্ কিংবা বৈষ্ণবপক্ষে হরি ভক্তি বিলাস, কৃষ্ণাহ্নিক পদ্ধতি ও কৃষ্ণার্চ্চনতরঙ্গিনী বৈষ্ণবতোষিণীসম্মত। এই কারনে এই গৌর -বঙ্গে সমস্ত পূজা পদ্ধতি যেই রূপে সংঘটিত হয় আমি সেরূপ সংকলন করলাম, যদি কেউ শ্রীভক্তিচন্দ্রিকানুসার সমস্ত কর্মকাণ্ড করতে চান, তা অবশ্যই করতে পারেন। আমি বিশুদ্ধ বঙ্গজ সাধারণ সূত্র অবলম্বন করেছি।

পুস্তকটি রচনার কালে বহু দুর্বিপাকের সম্মুখীন হতে হয়েছে। তবুও শ্রীচৈতন্য মহাপ্রভু ও শ্রীমৎ গুরুদেবের ও আমার গর্ভধারিনের কৃপায়

অনায়াসেই সেই সমস্ত বিঘ্ন অপসারণের মাধ্যমে গ্রন্থটি প্রস্তুত করতে সমর্থ হয়েছি।

এই গ্রন্থটি রচনার ক্ষেত্রে যে সমস্ত ব্যক্তিবর্গ আমাকে সর্বত সহায়তা প্রদান করেছেন, এবং গ্রন্থটিকে ক্রিয়া ও পাঠ উপযোগী করে তুলতে আমাকে যথাসাধ্য সংশোধন পরিমার্জন বুদবাগ সাহায্য করেছেন তাদের মধ্যে উল্লেখযোগ্য শ্রী অরূপম সান্যাল দেবশর্মা, শ্রী সুমন সাহা, শ্রী সুদীপ্ত মল্ল নিত্যানন্দ বংশোদ্ভুত শ্রী অখিলেশ গোস্বামী বন্দ্যোপাধ্যায়। ডঃ কাবেরী চট্টোপাধ্যায় ভট্টাচার্য, প্রাণতোষ গোস্বামী, বিজয় মিশ্র, অদ্বৈত বংশীয় প্রতাপরঞ্জন মিশ্র প্রভৃতি পন্ডিত ব্যক্তিবর্গ। এনাদের কাছে আমি চির কৃতজ্ঞ।

এছাড়াও আমাকে বইটির সম্পর্কে বিশেষ উৎসাহ দান করেছে সংস্কৃত পুস্তক ভান্ডারের কর্ণধার শ্রী স্নেহাশিস ভট্টাচার্য দাদা।


পরিশেষে এইটুকু বলব যে গ্রন্থটি প্রয়োগ পদ্ধতিরূপেই উল্লেলখিত, তাই যে সমস্ত ব্যক্তি মহাপ্রভুকে পূজা করতে ও ভজন করতে ইচ্ছুক তারা অনায়াসেই এই পূজা পদ্ধতির মাধ্যমে তা করতে পারবেন। এবং আশা করি অনেকের মনোবাসনা পূর্ণ হবে। কিছুর উপরে চৈতন্য মহাপ্রভু আমাদের অন্তরদেবতা, প্রাণের দেবতা আমাদের নীতি দর্শক তাই তার শ্রীচরণে আমাদের সকলের ভক্তি শ্রদ্ধা ও প্রেম যেন সতত বিরাজ করে এই কামনা করি।

ইতি

শ্রী সুশীল কুমার বিদ্যাতীর্থ মিত্রের পৌত্র

শ্রী আদ্রিয়মান মিত্র।

শ্রীশ্রীচৈতন্যানন্দ যন্ত্রম্




- অদ্রীশমানমিত্র

বসুযুগ্মদলোপেতং কমলং কেশরান্বিতং।
সকর্ণিকং চতুর্দ্বারতোরণাঙ্কিতমণ্ডলং ॥
রেখাত্রয় সমাযুক্তং বসু পত্রসমন্বিতং।
চন্দনালিপ্তপাত্রে চ লিখেৎ স্বর্ণশলাকয়া ॥
চতুরস্রং বর্হিক্রিয়ামাসনং মধ্যদেশতঃ।
প্রেমবীজং লিখেত্তত্র বহিঃ ষট্কোণমুত্তমং ॥
ষড়্গহ্বরে কামবীজং চতুষ্কোণে ভুবঃ পুরঃ।
চৈতন্যানন্দনামানমিমং যন্ত্রং বিলিখ্য চ...... ॥


(শ্রীভক্তিচন্দ্রিকা চতুর্থ পটলে ৯৩)

১




শ্রী দ্বাত্রিংশদক্ষরান্বিত মন্ত্রস্য যন্ত্রম্।
(ভক্তিচন্দ্রিকায়াং সপ্তমপটলঃ ৭-)

২




শ্রী দ্বিতীয় দশাক্ষর মন্ত্রস্য যন্ত্রম্।
(ভক্তিচন্দ্রিকায়াং ষষ্ঠঃপটলঃ ৩-)

৩



শ্রী যুগলমন্ত্রস্য যন্ত্রম্।
(বিশ্বম্ভর রহস্যে দ্বিতীয়রহস্য ৩৪-৩৬)

– ভক্তীয়মানসিত



নমো নম গজানন অপর্ণানন্দন।
যাহার কারণে বিঘ্ন হয় প্রশমন।
অতপর বন্দি শিব রমেশ তপন।
শ্রীবিশালাক্ষী বন্দি লক্ষ্মী জনার্দ্দন।
ধ্যায়াই বিচিত্র দেব শ্রী অঙ্গভূষণ।
নমো দিব্য দেহধর শ্রীশচীনন্দন।
যাহার কৃপায় ভক্তি হয় করাগত।
যাহার চরণে বৈষ্ণব সতত প্রণত।
যতেক দেবতা আর যত দেবগণ।
জিনিয়া মূর্তি বিশ্বম্ভর রূপ হন।
দক্ষিণে শ্রীনিত্যানন্দ বামে গদাধর।
মধ্য দেশে বিরাজিত চৈতন্য সুন্দর।
অদ্বৈত বিপ্র যার পদে গড়াগড়ি।
যেপদ ভারসায় এভব নদী তরী।
সেই বিপ্র শিরোরত্ন চৈতন্যঅবতার।
তাহার পূজা বিধি বলিব এবার।
হরিভক্তিবিলাস চৈতন্যকল্প আর।
ভক্তিচন্দ্রিকা আর রসসুধাধার।
রাধাকৃষ্ণার্চ্চন দীপিকা শ্রীকৃষ্ণবিলাস।
বিশ্বম্ভর রহস্য গ্রন্থ পড়ি অনায়াস।
এ সকল গ্রন্থ হতে তত্ত্ব নিয়া তার।
লিখলাম এপুস্তক চৈতন্যার্চ্চন সার।
শ্রী সুশীল পৌত্র দীন আদ্রীয়মান।
লিখিল এই গ্রন্থ বঙ্গভাষায় প্রমাণ।

অথ প্রয়োগঃ-

ক্লীঁ ক্রীঁ কৃষ্ণচৈতন্যায় স্বাহা এই মন্ত্রের প্রয়োগ।

প্রাতকৃত্য :

ব্রাহ্মমুহূর্তে মূলমন্ত্র উচ্চারণ পূর্বক শয্যা ত্যাগ করিবার পর ,গুরুর ধ্যান করিবে যথা—

ভালাম্বুজে গুরুং শুদ্ধং গৌরবর্ণনং স্মিতাননং।
শুক্লমাল্যাম্বরধরং শুভ্রচন্দনশোভিতং।
স্বস্তিকাসনসংবিষ্টং ব্যাখ্যামুদ্রাকরাম্বুজং।।

এই সম্যকরূপে ধ্যান করিয়া। যথার্থ মানসোপচারে পূজা করিয়া গুরু পরম্পরা নির্দিষ্ট মন্ত্র জপ করিবে।

এবং "গুহ্যাত্যাদি"মন্ত্রের দ্বারা জপ সমর্পণ করিয়া, পরম্পরা অনুসারে কুন্ডলিনির ধ্যান, চৌর গণেশের ন্যাস হংস ধ্যানকরিয়া, মহাপ্রভুর ধ্যান করিবে—

ধ্যায়েৎ শ্রীচৈতন্যদেবং রাধাকৃষ্ণস্বরূপকম্।
অন্তঃকৃষ্ণং বহির্গৌরং দ্বিভুজং করুণাময়ম্।
তপ্তকাঞ্চণপুঞ্জাভং রক্তবস্ত্রং সুনাসিকম্।।

ইহার পর যথা নিয়মে মূল মন্ত্র জপ করিবে। এবং নিজের যাবতীয় কর্ম-কৃত্যাদি মহাপ্রভুর চরণে সমর্পণ করিয়া চারিবার সাষ্টাঙ্গ প্রণাম করিবে।

স্নান বিধিঃ:

সাধক আপনাকে মন্ত্র দ্বারা পরিবৃত ভাবনা করিয়া প্রাতঃকালে স্নানের হেতু জলাশয় গমন করিবে। এবং যথাযোগ্য বস্ত্র পরিধান করিয়া, একবার মাত্র জলের নিমজ্জিত হইবে, এবং সেই নিমজ্জন স্থলে একটি চতুষ্কোণমণ্ডল রচনা পূর্বক মন্ত্রবিদ সাধক সেই মন্ডল মধ্যে সূর্য মন্ডল হইতে অঙ্কুশ মুদ্রায় তীর্থাবহন করিবে "ওঁ গঙ্গে চং যমুনে চৈব গোদাবরী সরস্বতী। নর্মদে সিন্ধু কাবেরি জলেহস্মিন্ সন্নিধিং কুরু।"

ইহার পর মন্ডল মধ্যে অষ্টবার মূলমন্ত্র জপ করিয়া নিজমস্তকে অষ্টবার জলাঞ্জলি দান করিয়া সেই জলে তিনবার অবগাহন করিবে। ইহার পর ক্লীঁ ক্রীঁ কৃষ্ণচৈতন্যস্বাহা তর্পয়ামি নমঃ "এই মন্ত্রের দ্বারা পঞ্চবিংশতি বার শ্রী ভগবান মহাপ্রভু শ্রীকৃষ্ণচৈতন্য কে তপন করিবে।

◆ **যাগ মণ্ডপে গমন:**

স্নান নিমিত্ত পবিত্র হইয়া পূজাযোগ্য বাসসী পরিধান করিয়া, পূজা গৃহের দ্বারে "ওঁ দ্বারপালেভ্যো নমঃ "ইত্যাদি মন্ত্রে দ্বারপাল গনের পূজা করিয়া পূজা গৃহে প্রবেশ করিবে।

◆ **ক্ষেত্রশুদ্ধি**

"ক্লীং কামপ্রদ ক্ষেত্রায় ফট্ "ইত্যাদি মন্ত্রে কিঞ্চিত শুদ্ধজল ভূমিতে প্রক্ষন করিবে।

ইহার পর তিনবার" শ্রী বিষ্ণু "শূদ্রপক্ষে "নমঃ বিষ্ণু" মন্ত্রে বিষ্ণুর স্মরণ করিবে।

◆ **পাঠ**

ওঁ দেবি তৎ প্রাকৃতং চিত্তং পাপাক্রান্তমভূন্মম।
তন্নিঃসারয় চিত্তান্মে পাপং হূঁ ফট চ তে নমঃ।
ওঁ সূর্য সোমো যমঃ কালো মহাভূতানি পঞ্চ চ।
এতে শুভাশুভস্যেহ কর্মণো নব সাক্ষিণঃ।।

◆ পুণ্যাহবচণ-তত্ব মুদ্রায় আতপ তন্ডুল গ্রহণ করিয়া ঘন্টা বাদন পূর্বক

ওঁ হ্রীঁ কর্তব্যোহস্মিন্ শ্রীমদ্ সপার্ষদ শ্রীমন্মহাপ্রভু কৃষ্ণচৈতন্য পূজনকর্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু । (বারত্রয় পাঠ)

ওঁ হ্রীঁ কর্তব্যোহস্মিন্ শ্রীমদ্ সপার্ষদ শ্রীমন্মহাপ্রভু কৃষ্ণচৈতন্য পূজনকর্মণি ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু।(বারত্রয় পাঠ)

ওঁ হ্রীঁ কর্তব্যোহস্মিন্ শ্রীগণপত্যাদি নানাদেবতা পূজা পূর্বকঃ আদিত্যাদি নবগ্রহ সংসূচিতঃ সর্বমঙ্গলকারণম্ সপার্ষদ শ্রীমন্মহাপ্রভু কৃষ্ণচৈতন্য পূজনকর্মণি ওঁ স্বস্তিং ভবন্তো ব্রুবন্তু। (বারত্রয় পাঠ)।

◆ **স্বস্তিসুক্ত-**

“স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ।
স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দধাতু।
স্বস্তি নো বৃহস্পতির্দধাতু।।

ওঁ গণানাস্তা গণপতিগুং হবামহে,ওঁ প্রিয়ানাস্তা প্রিয়পতিগুং হবামহে, ওঁ নিধীনাস্তা নিধিপতিগুং হবামহে,বসো মম।ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি।।

অথবা

“ওঁ হ্রীঁ হূং স্বস্তি নঃ কাত্যায়নী অপর্ণাশ্রবা স্বস্তি নঃ কালী হ্রৌং মেধামৃতময়ী হূং স্বস্তি নঃ প্রত্যঙ্গিরা দেবতা দধাতু হ্রীং শ্রীং হূং ফট্ স্বাহা।“

ওঁ সর্ব্বাশ্চ দেবাশ্চ বিভীতকঞ্চ প্রভঞ্জতাং মেরুসুবর্ণাদায়ী।
কালোর্দ্ধ মা মা সচেন্দ্রিয়াং শ্রিয়ো বিবিক্তরাগায় পুনর্ভাবায় বৈ।।

◆ **সাক্ষ্যমন্ত্র কৃতাঞ্জলি পাঠ**

ওঁ সূর্য্য সোমো যমঃ কালঃ সন্ধ্যেভূতান্যহক্ষপা।
পবনোদিপতির্ভূমিরাকাশং খচরামরা।
ব্রাহ্মং শাসনমাস্থায় কল্পধ্বমিহ সন্নিধিম্।।

◆ **সংকল্প ।**

কুশীতে তিল তুলসী জল দুর্বা হরিতকি গন্ধ কুশ তণ্ডুল লইয়া উত্তর দিকে মুখ করতো সংকল্প করিবে-

বিষ্ণুরোম্ তৎসসদ্য অমুকে মাসি অমুক রাশিস্থে ভাস্করে অমুক পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রোঃ অমুক দেবশর্মা শ্রীমন্মথপ্রভুকৃষ্ণচৈতন্য প্রীতিকামো গণপত্যাদি নানাদেবতাপূজাপূর্বকং সপার্ষদ শ্রীমন্মহাপ্রভু কৃষ্ণচৈতন্য পূজনকর্মাহং করিষ্যে।পরার্থে করিষ্যামি উল্লেখ্য।

◆ **সংকল্প সুক্ত পাঠ-**

ওঁ যজ্জাগ্রত দূরমুদৈতি দৈবং তদু সুপ্তস্য তথৈবৈতি।
দূরঙ্গমং জ্যোতিষাং জ্যোতিরেকং তন্মে মনঃ শিবসংকল্পমস্তু।।
ওঁ ইন্দ্রদ্যানো বিবেশী পুষ্টাং মা কৃণোতি সতাং সিঞ্চধ্বং।
প্রাহিতামমরোতিঃ স্বর্গমাদধৎ কৃষ্ণায়ুর্দ্দেব ওহতে।।

পরে কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবেন- -

ওঁ সংকল্পিতার্থাঃ সিধ্যন্তু সিদ্ধাঃ সন্তু মনোরথঃ।

বৈষ্ণবজ্ঞানবসুবর্ধায় ভক্তিবৃদ্ধিকরায় চ।।

আয়মারম্ভঃ শুভায় ভবতু।।

◆ **পঞ্চগব্য শোধন:**

গোমূত্র, গোময়, দুগ্ধ, দধি, ঘৃত দশাক্ষর মূল শ্রীকৃষ্ণ চৈতন্য মন্ত্রের দ্বারা প্রতিটিতে ত্রিপত্র স্পর্শপূর্বাক

শোধন করিবে।

অথবা যাহারা বৈদিক মতসম্মত ক্রিয়া করিতে চান তাহারা যজুর্বেদীয় পঞ্চগব্য শোধন করিবে।

◆ **ঘটস্থাপন্**

ক্লীং মন্ত্রে প্রোক্ষণ।

ঐং মন্ত্রে কুশদ্বারা তাড়ন।

হ্রীং মন্ত্রে ঘটস্থাপন, হ্রীং মন্ত্রে জলদ্বারা ঘটপূরণ,অঙ্কুশ মুদ্রায় তীর্থবাহন—

হ্রীং গঙ্গাদ্যাঃ সরিতঃ সর্বাঃ সমুদ্রাশ্চ সরাংসি চ

সর্ব্বে সমুদ্রাঃ সরিয়ে সরাংসি জলদা নদাঃ।

হ্রদাঃ প্রস্রবণাঃ পুণ্যাঃ স্বপাতালমহীগতাঃ

সর্বতীর্থানি পুণ্যানি ঘটে কুর্বন্তু সন্নিধিম্।।

(শিষ্যঅভিষেক কল্পে ঘটের জল ক্ষ-কারদি অ-কারান্ত মাতৃকাবর্ণ বিলোমক্রমে পুরন হইবে এবং তারপর তীর্থাদি আবাহন হইবে ,মূল মন্ত্র বারত্রয় জপ, ক্ষীরতরু প্রভৃতি ক্বাথ ঘটে নিক্ষেপ। এবং এই ক্ষেত্রে পঞ্চরত্ন পঞ্চগব্য পল্লব আদি সমস্ত বস্তু দশাক্ষর মূল মন্ত্রে ঘটোপরি প্রদান করিতে হইবে। তারপর ইন্দ্রবল্লী আম্রাদি পল্লব দান করিয়া ঘটাচ্ছাদন করিতে হবে, বিশেষ জ্ঞনার্থে মূলপদ্ধতি দ্রষ্টব্য)

হ্রীং মন্ত্রে পঞ্চরত্ন দান।নমঃ মন্ত্রে গন্ধ।

যং মন্ত্রে পুষ্প।হ্রীং মন্ত্রে দূর্বা।

হ্রীং মন্ত্রে কর্পূরযুক্ত পুষ্প।শ্রীং মন্ত্রে নবপল্লব।
হ্রীং শ্রীং মন্ত্রে তণ্ডুলপূর্ণ সরাব। হূং মন্ত্রে ফল দান।
স্ত্রীং মন্ত্রে স্থিরীকরণ। নমঃ মন্ত্রে বস্ত্রযুগল।
শ্রীং মন্ত্রে সিন্দূরদান।ওঁ মন্ত্রে অভ্যুক্ষণ।
হূং ফট্ স্বাহা মন্ত্রে কুশদ্বারা তাড়ন।

তৎপরে স্থাং স্থীং হ্রীং শ্রীং স্থিরীভব মন্ত্রে স্থিরীকরণ। ঘটোপরি দশধা চৈতন্যগায়ত্রী জপ করিতে হইবে।

◆ **সামান্যর্ঘ্য স্থাপণ-** সম্মুখভাগে কিঞ্চিত বামদিকে ভূমিতে ত্রিকোন বৃত্ত চতুরস্র মণ্ডল আঁকিয়া মণ্ডলোপরি ওঁ এতে গন্ধপুষ্পে আধারশক্ত্যাদিভ্যো নমঃ মন্ত্রে পূজা করে তাহার উপর ত্রিপদীকা বা বিল্বপত্র স্থাপন করিবেন,তাহার উপর" ফট্" মন্ত্রে কোশা ধৌত করিয়া আধারে স্থাপন করিবেন ওঁ নমঃ মন্ত্রে জলপূর্ণ করিয়া ওঁ মন্ত্রে অর্ঘ্য দিবেন অতঃপর

"ক্রোং গঙ্গে চ যমুনে চৈব গোদাবরী সরস্বতী।

নর্মদে সিন্ধু কাবেরী জলেহস্মিন্ সন্নিধিংকুরু।।" মন্ত্রে অঙ্কুশ মুদ্রায় তীর্থবাহন করিয়া।

ওঁ এতে গন্ধপুষ্পে তীর্থেভ্যো নমঃ মন্ত্রে পুষ্প দিবেন।হূং মন্ত্রে অবগুণ্ঠন।

বং মন্ত্রে অমৃতকরণ করিয়া যোণিমুদ্রা দেখাইবেন ও দশধা প্রণব জপ করিবেন।

◆ তাহারপর দ্বারপূজা করিবেন।ওঁ এতে গন্ধপুষ্পে দ্বারদেবতাভ্যো নমঃ

ওঁ এতে গন্ধপুষ্পে ব্রহ্মণে নমঃ।

ওঁ এতে গন্ধপুষ্পে বাস্তুপুরুষায় নমঃ।

◆ **ভূতাপসারণ-** কুশিতে চন্দন, শ্বেতসর্ষপ, অক্ষত, দুর্বা, কুশ, খুদ প্রভৃতি লইয়া উহাতে ফট্ মন্ত্রে সাতবার জপ করিবেন।

ওঁ সর্ববিঘ্নানুৎসারায় হূং ফট্ স্বাহা।

ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ।

অপসর্পন্তু তে সৰ্ব্বে নারসিংহেন তাড়িতাঃ।।

এই মন্ত্রে নারাচ মুদ্রায় চারিদিকে বিকিরণ করিবে।তৎপশ্চাৎ ভূমিশুদ্ধি করিবে।দক্ষিণহস্তে জল লইয়া

ওঁ রক্ষ রক্ষ হূং ফট্ স্বাহা মন্ত্রে মুষ্টিনিঃসৃত জল ভূমিতে প্রক্ষেপ করিবে।

◆ **আশনশুদ্ধি-** স্বস্তিকাসনে উপবেশন পূর্বক আসনের নিম্নে "ওঁ ক্লীং ভূমিং সংশোধয়ঃ সংশোধয়ঃ হূং ফট্ মন্ত্রে "জলবিন্দু দিয়া ভূমিস্পর্শ করিবে এবং ভূমিতে ত্রিকোন বৃত্ত চতুরস্র মণ্ডল অঙ্কন করিয়া ওঁ হ্রীং এতে গন্ধপুষ্পে আধারশক্ত্যাদিভ্যো নমঃ মন্ত্রে মণ্ডল পূজা করিবে আসন স্পর্শ করিয়া ওঁ অস্য আসনোপবেশনমন্ত্রস্য মেরুপৃষ্ঠঋষিঃ সুতলং ছন্দঃ কূর্মো দেবতা আসনোপবেশনে বিনিয়োগঃ।কৃতাঞ্জলি হইয়া ওঁ পৃথ্বিত্বয়া ধৃতা লোকা দেবি ত্বং বিষ্ণুনা ধৃতা।

ত্বঞ্চ ধারায় মাং নিত্যাং পবিত্রং কুরুচাসনম্।।

ঐ মণ্ডল পূজন-

ওঁ এতে গন্ধপুষ্পে ক্লীঁ কামপ্রদঃ কমলাসনায় নমঃ।।

◆ ইহার পর বাম পাদের পাষ্ণির্র দ্বারা ভূমিতে তিনবার আঘাত করিয়া, উৰ্দ্ধার্দ্ধ ক্রমে এয়বার করতালি প্রদান করিবে।

◆ মূল মন্ত্রের দ্বারা উর্ধ্ব দৃষ্টি নিক্ষেপ করিয়া দিব্য বিঘ্ননিবারণ করিবে।

◆ হস্তে জল লইয়া মূল মন্ত্র সংযুক্ত "অস্ত্রায় ফট্ "অন্তরিক্ষবিঘ্ন নিবারণ করিবে।

◆ **তাহারপর গুৰ্ব্বাদি প্রণাম করিবে-**

যথা স্ববামে গুরুভ্যো নমঃ পরমগুরুভ্যো নমঃ,

পরাপরগুরুভ্যো নমঃ,

দক্ষিণে গণেদেবায় নমঃ।

মধ্যে ভগবত্যৈ নমঃ

এবং মূলবীজ সংযুক্ত কৃষ্ণ চৈতন্যদেবায় নমঃ

পশ্চাতে ক্ষেত্রপালায় নমঃ।।

◆ **করশোধন**

" অস্ত্রায় ফট্" মন্ত্রে পুষ্প গ্রহণ করিয়া এবং দুই হস্তে তাহা মর্দন পূর্বক ঈশান কোণে "ফট্" মন্ত্রে নিক্ষেপ করিবে।

◆ **দ্রব্যশুদ্ধি-**

মূল মন্ত্রান্তে ফট্ মন্ত্র সংযুক্ত করিয়া তিনবার সামান্যার্ঘ্যোদকের দ্বারা পূজা দ্রব্যাদিতে প্রোক্ষণ করিয়া ধেনুমুদ্রা প্রদর্শন করিবে।

◆ **মন্ত্রশুদ্ধি/মন্ত্রামৃতকরণ-**

অং ক্লীঁ ক্রীঁ কৃষ্ণচৈতন্যায় স্বাহা অং

কং ক্লীঁ ক্রীঁ কৃষ্ণচৈতন্যায় স্বাহা কং

চং ক্লীঁ ক্রীঁ কৃষ্ণচৈতন্যায় স্বাহা চং

টং ক্লীঁ ক্রীঁ কৃষ্ণচৈতন্যায় স্বাহা টং

তং ক্লীঁ ক্রীঁ কৃষ্ণচৈতন্যায় স্বাহা তং

পং ক্লীঁ ক্রীঁ কৃষ্ণচৈতন্যায় স্বাহা পং

যং ক্লীঁ ক্রীঁ কৃষ্ণচৈতন্যায় স্বাহা যং

শং ক্লীঁ ক্রীঁ কৃষ্ণচৈতন্যায় স্বাহা শং

◆ ইহার পর স্ফোটিকা মুদ্রায় অস্ত্র মন্ত্রের "ফট্" দ্বারা দশদিক বন্ধন করিবে।

◆ **বহ্নিবেষ্টন-**

"রং"এই বহ্নি বীজের দ্বারা আপনার চারিপাশে বহ্নিজলধারার প্রাচীর চিন্তা করিবে।

◆ **ভূতশুদ্ধি-**

যোগ পারঙ্গম সাধক যোগতত্ত্বের দ্বারা পঞ্চভূতময় আত্মদেহ, পঞ্চ বীজে বিন্যাস করিয়া পঞ্চতত্ত্ব ময় ব্রহ্মে আপন খিল শরীরকে শোধন করিয়া, শূণ্য জ্ঞানে সর্বত্র শরীরকে চিন্তা করিবে, এবং সোঽহং ভাবনার দ্বারা শ্রী ভগবান এবং নিজেকে একীভূত ভাবনা করিয়া নিজেকে তাহার প্রতিরূপ বলিয়া চিন্তা করিবে, বৈষ্ণব ক্ষেত্রের দাস চিন্তনীয় আবশ্যকীয়।

ইহার পর যথার্থ বিধানে পাপ পুরুষ সংঘাতপূর্বক আপনার স্থূলদেহকে সূক্ষ্ম ময় করিয়া তুলিবে যোগ তত্ত্ব বলে।

*যাহারা যোগসচেতন নন তাহারা কেবল স্বীয় হৃৎকমলে শ্রীকৃষ্ণের পদযুগল চিন্তা করিলেই ভূত-শুদ্ধি হইবে, ইহা বৈষ্ণব ভূতশুদ্ধি নামে কীর্তিত।

*অথবা মুখ্য তন্ত্রাচারির পক্ষে

ওঁ ধর্মকন্দ সমুদ্ভুতং জ্ঞাননাল সুশোভনম্।
ঐশ্বর্য্যাষ্টদলোপেতং পরবৈরাগ্যকর্ণিকম্।
স্বীয় হৃৎকমলং ধ্যায়েৎ প্রণবেণ বিকাশিতম্।
কৃত্বা তৎকর্ণিকাসংস্থং প্রদীপ কলিকা নিভম্।
জীবাত্মানং হৃদি ধ্যাত্বা মূলে সংচিন্ত্য কুণ্ডলীম্।
সুষুন্নাবর্ত্মনাত্মানং পরমাত্মানি যোজয়েৎ।।

ইত্যাদি মানসচিন্তনে ভূতশুদ্ধি ঘটে

*'ওঁ হ্রৌং ' ১০৮ বার জপ করিলেও ভূতশুদ্ধির ফল প্রাপ্ত হয়।

◆ **ব্যাপকন্যাস-**

"আং হূঁ ফট্ স্বাহা" অথবা "ক্লীং "মন্ত্রের দ্বারা মস্তক হইতে পাদ পর্যন্ত এবং পাদ হইতে মস্তক পর্যন্ত সপ্তবার ব্যাপকন্যাস করিবে।

◆ **জীবন্যাস-**

ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শ্রীমদ্কৃষ্ণচৈতন্য দেবতায়াঃ প্রাণা ইহ প্রাণা।

ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শ্রীমদ্কৃষ্ণচৈতন্য দেবতায়াঃ জীব ইহ স্থিতঃ।

ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শ্রীমদ্কৃষ্ণচৈতন্য দেবতায়াঃ সর্বেন্দ্রিয়াণি ইহ স্থিতাণি।

ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শ্রীমদ্কৃষ্ণ চৈতন্যদেবতায়াঃ বাঙ্মনশ্চক্ষুঃশ্রোত্রঘ্রাণপ্রাণা ইহাগত্য সুখং চিরং তিষ্ঠন্তু স্বাহা।

◆ **মাতৃকা ন্যাস**

অস্য মাতৃকামন্ত্রস্য ব্রহ্মঋষির্গায়ত্রীচ্ছন্দো মাতৃকাসরস্বতী দেবতা হলো বীজানি স্বরাঃ শক্তয়ঃ ক্লীং কীলক: মাতৃকান্যাসে বিনিয়োগঃ।

উক্ত মন্ত্রদ্বারা মাতৃকান্যাসের ঋষ্যাদি স্মরণপূর্ব্বক লিখিত স্থলে পুষ্প বা অঙ্গুষ্ঠ ও অনামিকা যোগে ন্যাস (স্পর্শ) করিবে।

শিরসি ওঁ ব্রহ্মণে ঋষয়ে নমঃ, মুখে ওঁ গায়ত্রীচ্ছন্দসে নমঃ, হৃদি ওঁ মাতৃকা সরস্বত্যৈ দেবতায়ৈ নমঃ, গুহ্যে ওঁ হল্‌ভ্যো বীজেভ্যো নমঃ, পাদয়োঃ ওঁ স্বরেভ্যঃ শক্তিভ্যো নমঃ, সর্ব্বাঙ্গে ওঁ ক্লীং কীলকায় নমঃ।

করন্যাস – ওঁ অং কং খং গং ঘং ঙং আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। ওঁ ইং চং ছং জং ঝং ঞং ঈং তর্জ্জনীভ্যাং স্বাহা। ওঁ উং টং ঠং ডং ঢং ণং ঊং মধ্যমাভ্যাং বষট্‌। ওঁ এং তং থং দং ধং নং ঐং অনামিকাভ্যাং হূং। ওঁ ওং পং ফং বং ভং মং ঔং কনিষ্ঠাভ্যাং বৌষট্‌। ওঁ অং যং রং লং বং শং ষং সং হং ক্ষং অঃ করতলপৃষ্ঠ্যাভ্যামন্ত্রায় ফট্‌।

অঙ্গন্যাস – ওঁ অং কং খং গং ঘং ঙং আং হৃদয়ায় নমঃ। ওঁ ইং চং ছং জং ঝং ঞং ঈং শিরসে স্বাহা। ওঁ উং টং ঠং ডং ঢং ণং ঊং শিখায়ৈ বষট্‌। ওঁ এং তং থং দং ধং নং ঐং কবচায় হূং। ওঁ ওং পং ফং বং ভং মং ঔং নেত্রত্রয়ায় বৌষট্‌। ওঁ অং যং রং লং বং শং ষং সং হং ক্ষং অঃ করতলপৃষ্ঠ্যাভ্যামন্ত্রায় ফট্‌।

*অথ বাহ্যমাতৃকান্যাস

পঞ্চাশল্লিপিভিব্বিভক্তমুখদোঃপন্মধ্যবক্ষঃস্থলাং ভাস্যন্মৌলিনিবদ্ধচন্দ্র শকলামাপীনতুঙ্গস্তনীম্‌। মুদ্রামক্ষগুণং সুধাঢ্যকলসং বিদ্যাঞ্চ হস্তাম্বুজৈ-বিভ্রাণাং বিশদপ্রভাং ত্রিনয়নাং বাগদেবতামাশ্রয়ে।

(সর্ব্বত্র “ওঁ” পদ আদিতে এবং “নমঃ” অন্তে যোগ করিয়া ন্যাস করিবে।)

ওঁ অং নমঃ ললাটে, ওঁ আং নমঃ মুখবৃত্তে, (এই ক্রমে) ইং ঈং চক্ষুযোঃ, উং উঃ কর্ণয়োঃ, ঋং ঋং নসোঃ, ঌং রং গণ্ডয়োঃ এং ওষ্ঠে, ঐং অধরে, ওং ঊর্দ্ধদন্তে, ঔং অধোদন্তে, অং ব্রহ্মরন্ধ্রে, অঃ মুখে। কং দক্ষিণ বাহুমূলে, খং কূর্পরে, গং মণিবন্ধে ঘং অঙ্গুলিমূলে, ঙং অঙ্গুল্যগ্রে। চং ছং জং ঝং ঞং বামবাহু মূল প্রভৃতি স্থানে। টং ঠং ডং ধং ণং দক্ষিণ পাদমূল হইতে অঙ্গুল্যগ্র পর্যন্ত। তং থং দং ধং নং বামপাদমূল হইতে অঙ্গুল্যগ্র পর্যন্ত। পং দক্ষিণপার্শ্বে, কং বামপার্শ্বে, বং পৃষ্ঠে ভং বাভৌ, মং উদরে,

যং হৃদি, রঙ দক্ষিণ স্কন্ধে, লং ককুদি, বং বামস্কন্ধে শং হৃদয়াদি বামপদে হৃদয়াদ্যুদরে, ক্ষং হৃদয়াদিমুখে।

(ন্যাসে'র হস্তক্রম- ললাটদেশে অনামিকা ও মধ্যমাঙ্গুলির দ্বারা ন্যাস করিবে। মুখে তর্জ্জনী, মধ্যমা ও অনামিকার যোগে ন্যাস করিবে। এইরূপ নেত্রদ্বয়ে বৃদ্ধা ও অনামিকা; কর্ণদ্বয়ে কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠা; গণ্ডদ্বয়ে তর্জ্জনী, মধ্যমা ও অনামিকা; ওষ্ঠদ্বয়ে মধ্যমা; দন্তপংক্তিদ্বয়ে অনামিকা; মস্তকে মধ্যমা, মুখে অনামিকা ও মধ্যমা; হস্ত, পদ, পার্শ্ব ও পৃষ্ঠে কনিষ্ঠা অনামিকা ও মধ্যমা; নাভিদেশে কনিষ্ঠা, অনামিকা, মধ্যমা ও অঙ্গুষ্ঠা; উদরে সর্ব্বাঙ্গুলি; বক্ষস্থল, অংশদ্বয় ককুৎস্থল, হৃদয় হইতে হস্ত পর্য্যন্ত, হৃদয় হইতে পাদ পর্য্যন্ত, হৃদয় হইতে উদর পর্য্যন্ত ও হৃদয় হইতে মুখ পর্য্যন্ত, স্থানে হস্ততলদ্বারা ন্যাস করিবে। এই মাতৃকামুদ্রা বলা হইল, এই মুদ্রা না জানিয়া যে ব্যক্তি অন্যরূপে ন্যাস করিবে, তাহার ন্যাস বিফল হইবে।

মূলে অন্তর্মাতৃকা ন্যাসের উল্লেখ হয়নাই তাই করিবার প্রয়োজন নাই। তথাপি যাহারা ইচ্ছা করেন তাহাদের জন্য ইহা সংযোজন করিলাম।

বিষ্ণুবিষয়ে স্বতন্ত্র অন্তর্মাতৃকা ন্যাস যথা- আধারাদি মস্তক পর্য্যন্ত ষট্ পদ্মে নিম্নলিখিত বর্ণন্যাস করিবে।

যথা – মূলাধারস্থিত সুবর্ণাভ চতুর্দ্দলপদ্মে – ওঁ বং নমঃ, শং নমঃ, ষং নমঃ, সং নমঃ।

লিঙ্গমূলস্থিত বিদ্যুদাভ ষড়্দলে স্বাধিষ্ঠানপদ্মে – ওঁ বং নমঃ, ভং নমঃ, মং নমঃ, যং নমঃ, রং নমঃ, লং নমঃ।

নাভিমূলস্থিত নীলমেঘপ্রভ দশদল মণিপুরপদ্মে – ওঁ ডং নমঃ, ঢং নমঃ, ণং নমঃ, তং নমঃ, থং নমঃ, দং নমঃ, ধং নমঃ, নং নমঃ, ফং নমঃ।

হৃদয়স্থিত প্রবালরুচিসন্নিভ দ্বাদশদল অনাহত পদ্মে – ওঁ কং নমঃ, খং নমঃ, গং নমঃ, ঘং নমঃ, ঙং নমঃ, চং নমঃ, ছং নমঃ, জং নমঃ, ঝং নমঃ, ঞং নমঃ, টং নমঃ, ঠং নমঃ।

কণ্ঠস্থিত ধুম্রবর্ণ ষোড়শদল বিশুদ্ধাখ্যপদ্মে – ওঁ অং নমঃ, আ নমঃ, ইং নমঃ, উং নমঃ, ঋং নমঃ, ঋৃং নমঃ, ৯ নমঃ, ষ্টং নমঃ, এং নমঃ, ঐং

নমঃ, ওং নমঃ, ঔং নমঃ,অং নমঃ, অঃ নমঃ।

ভ্রুমধ্যস্থিত চন্দ্রবর্ণ দ্বিদলপদ্মে হং নমঃ, ক্ষং নমঃ।)

বর্ণ ন্যাস-

হৃদি- অং আং ইং ঈং উং ঊং ঋং ঋৃং ৯ং ৯৯ং নমঃ।

দক্ষবাহু- এং ঐং ওং ঔং অং অঃ কং খং গং ঘং নমঃ।

বামবাহু- ঙং চং ছং জং ঝং ঞং টং ঠং ডং ঢং নমঃ।

দক্ষপাদে– ণং তং থং দং ধং নং পং ফং বং ভং নমঃ।

বামপাদ- মং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং নমঃ।

শ্রীবাসুদেবাদিন্যাস—

অস্য ন্যাসরাজস্য শ্রী নারদ ঋষি গায়ত্রীচ্ছন্দঃ বাসুদেবদেবতা ওঁ বীজং স্বাহা শক্তি দেবী কাত্যায়নী অধিষ্ঠাত্রী দেবতা আত্মনোহচ্যুতায়ত্তে বিনিয়োগঃ।

এই ঋষ্যাদি পাঠান্তে শিরাদি -পঞ্চাঙ্গ স্থানে ন্যাস করিবে। যথা—

শিরসি-নারদ ঋষয়ে নমঃ।

মুখে -গায়ত্রীচ্ছন্দসে নমঃ।

হৃদি -শ্রীমদ্বাসুদেব দেবতায়ৈ নমঃ।

গুহ্যে-ওঁ বীজায় নমঃ।

পাদয়োঃ-স্বাহা শক্তয়ে নমঃ।

সর্বাঙ্গে- অধিষ্ঠাত্রী দেবী কাত্যায়ন্যৈ নমঃ।

বাসুদেবের ধ্যান করিবে-

ধ্যায়েদাতপ্তহেমদ্যুতিরুচিরতমং পীতবস্ত্রং প্রসন্নং,
শ্রীবৎসোদ্ভাসিবক্ষঃস্থলকলিত-লসৎকৌস্তভং দিব্যভূষং।
হস্তাম্ভোজৈর্দধানং দরকমলগদাচক্রমানন্দরূপং
লক্ষ্ম্যা জুষ্টং খগেশাসনমমরমণিং বাসুদেবং পরেশং।।

ন্যাস-ওঁ অং বাসুদেবায় লক্ষ্ম্যৈ স্বাহা ললাটে, ওঁ আং অনন্তায় শক্ত্যৈ স্বাহা মুখবৃত্তে, (এই ক্রমে)

দক্ষ চক্ষু-ওঁ ইং হৃষিকেশায় শ্রীয়ৈ স্বাহা।

বাম চক্ষু- ওঁ ঈং সঙ্কর্ষণায় প্রীত্যৈ স্বাহা।

দক্ষ কর্ণে-ওঁ উং বিষ্ণবে পদ্মালয়ায়ৈ স্বাহা।

বাম কর্ণে- ওঁ ঊং বৈকুণ্ঠায় রমায়ৈ স্বাহা।

দক্ষ নাসা -ওঁ ঋং মাধবায় কমলায় স্বাহা।

বাম নাসা -ওঁ ৠং কমললোচনায় কান্ত্যৈ স্বাহা।

দক্ষ গণ্ডে -ওঁ ৯ং বিশ্বনাথায় বিশ্বায়ৈ স্বাহা।

বাম গণ্ডে -ওঁ ৯৯ং বিশ্বেশ্বরায় শান্ত্যৈ স্বাহা।

ওষ্ঠে -ওঁ এং নারায়ণায় বিরক্ত্যৈ স্বাহা।

অধর-ওঁ ঐং নরায় বুদ্ধ্যৈ স্বাহা।

ঊর্ধ্বদন্তে-ওঁ ওং কেশবায় কীর্ত্ত্যৈ স্বাহা।

অধোদন্ত-ওঁ ঔং দেবকীনন্দনায় শ্রুত্যৈ স্বাহা।

মস্তকে-ওঁ অং পরেশায় পরায়ৈ স্বাহা।

মুখবিবরে -ওঁ অঃ পরমেষ্ঠায় শোভায়ৈ স্বাহা।

ব্যাঞ্জনবর্নের দ্বারা ন্যাস।

দক্ষ বাহুর পঞ্চ সন্ধি স্থলে- ওঁ কং গদাধরায় দুর্গায়ৈ স্বাহা বাহুমূলে- ওঁ খং চক্রীনে জয়ায়ৈ স্বাহা কূর্পরে, ওঁ গং শঙ্খধারায় বিজয়ায়ৈ স্বাহা মণিবন্ধে,ওঁ ঘং শার্ঙ্গীনে বিরজায়ৈ স্বাহা অঙ্গুলিমূলে, ওঁ ঙং হরিনে ক্লিন্ন্যৈ স্বাহা অঙ্গুল্যগ্রে। ইত্যাদি ক্রমে বাম বাহুর পঞ্চ সন্ধি স্থলে -ওঁ চং সুরায় বসুমত্যৈ স্বাহা,বাহুমূলে, ওঁ ছং কৃষ্ণায় বসুন্ধরায়ৈ স্বাহা কূর্পরে, ওঁ জং গোবিন্দায় বসুদায়ৈ স্বাহা,মণিবন্ধে, ওঁ ঝং শৌরীনে বসুধায়ৈ স্বাহা। অঙ্গুলিমূলে,ওঁ ঞং মধুসূদনায় সন্ধায়ৈ স্বাহা অঙ্গুল্যগ্রে। ইত্যাদি ক্রমেই আদিতে প্রণব এবং অন্তে হৃদয় সংযুক্ত করিয়া ন্যাস হইব টং বামনায় দয়ায়ৈ স্বাহা,ঠং শ্রীধরায় হর্ষায়ৈ স্বাহা, ডং ত্রিবিক্রমায় মেধায়ৈ স্বাহা, ঢং খড়্গিনে প্রভায়ৈ স্বাহা ,ণং মুষলীনে চণ্ড্যৈ স্বাহা -দক্ষিণ পাদমূল হইতে পদাঙ্গুল্যগ্র।

ইত্যাদি ক্রমে বামপাদমূল হইতে পদাঙ্গুল্যগ্রে ন্যাশ করিবে—

তং অঙ্কুশীনে বিলাসিন্যৈ স্বাহা,থং বরাহায় ধরণ্যৈ স্বাহা, দং প্রদুম্নায় রত্যৈ স্বাহা, ধং সত্যায় ভক্ত্যৈ স্বাহা, নং অনিরুদ্ধায় ঊষায়ৈ স্বাহা।

দক্ষ পার্শ্বে -ওঁ পং যজ্ঞেশায় উমায়ৈ স্বাহা।

বাম পার্শ্বে -ওঁ ফং শ্রীরামায় কৃপায়ৈ স্বাহা।
পৃষ্ঠে-ওঁ বং জগন্নাথায় আকৃষ্ট্যৈ স্বাহা।
নাভি-ওঁ ভং ভৃগদ্বহায় উগ্রায়ৈ স্বাহা।
জঠর -ওঁ মং কূর্ম্মায় ধৃত্যৈ স্বাহা।
হৃদয় -ওঁ যং ত্বগাত্মনে হয়গ্রীবায় বাণ্যৈ স্বাহা।
দক্ষিণ স্কন্ধে-ওঁ রং অসৃগাত্মনে জনার্দ্দনায় আদ্যায়ৈ স্বাহা।
গ্রীবা—ওঁ লং মাংসাত্মনে বালানুজায় মূর্ত্ত্যৈ স্বাহা।
বাম স্কন্ধে-ওঁ বং মেদাত্মনে বালায় ঋদ্ধ্যৈ স্বাহা।
হৃদ্যাদি দক্ষবাহু -ওঁ শং অস্থ্যাত্মনে গদাগ্রজায় শুদ্ধ্যৈ স্বাহা।
হৃদ্যাদি বামবাহু -ওঁ ষং মজ্জাত্মনে দামোদরায় পুষ্ট্যৈ স্বাহা।
হৃদ্যাদি দক্ষপদে-ওঁ সং শুক্রাত্মনে কমলেক্ষণায় তুষ্ট্যৈ স্বাহা।
হৃদ্যাদি বামপদে -ওঁ হং প্রাণাত্মনে যজ্ঞায় আহুত্যৈ স্বাহা।
হৃদ্যাদি উদরে -ওঁ লং জীবাত্মনে উরুক্রমায় শ্রদ্ধায়ৈ স্বাহা।
হৃদ্যাদি উদরে -ওঁ ক্ষং ক্রোধাত্মনে নরসিংহায় সংহৃত্যৈ স্বাহা।

◆ মন্ত্রন্যাস- একাগ্রচিত্তে তত্ত্ব মুদ্রায় নিম্নোক্ত দেহের স্থানসমূহে ন্যাস করিবে যথা—

মস্তক-ক্লীং নমঃ।
ললাট-ক্রীং নমঃ।
মুখ-কৃং নমঃ।
কন্ঠ-ষ্ণং নমঃ।
হৃদয়-চৈং নমঃ।
উদার-তং নমঃ।
নাভি-ন্যাং নমঃ।
লিঙ্গ-য়ং নমঃ।
জানুদ্বয়-স্বাং নমঃ।
পাদদ্বয়ে-হাং নমঃ।

◆ পুনরায় মূল মন্ত্রটি সাধক দুটি হস্তের তলপৃষ্ঠে ও পার্শ্বে ন্যাস করিয়া, দশটি করাঙ্গুগুলীতে মন্ত্রের এক একটি অক্ষর পূর্বক্ত প্রকারের

বিন্যস্ত করিবে।

◆ অনন্তর মূল মন্ত্রে পাদ হইতে মস্তক এবং মস্তক হইতে পাদ পর্যন্ত হস্তদ্বয় বিন্যাস পূর্বক ব্যাপকন্যাস করিবে।

◆ **ঋষ্যাদিন্যাসঃ**

অস্য মন্ত্রস্য নারদঋষিঃ গায়ত্রীচ্ছন্দঃ শ্রীকৃষ্ণচৈতন্য দেবতা ক্লীঁ ক্রীঁ বীজ স্বাহা শক্তি আদ্যা শক্তি অধিষ্ঠাত্রী দেবতা প্রেম-ভক্তি-লাভার্থে বিনিয়োগঃ।।

শিরসি-নারদ ঋষয়েঃ নমঃ।

মুখে-গায়ত্রীচ্ছন্দসেঃ নমঃ।

হৃদি– শ্রী কৃষ্ণ চৈতন্য দেবতায়ৈ নমঃ।

লিঙ্গে -ক্লীঁ ক্রীঁ বীজায়ঃ নমঃ।

পদে-স্বাহা শক্তয়ে নমঃ।

সর্বাঙ্গে-আদ্যা শক্তি অধিষ্ঠাত্রী দেবতায়ৈ নমঃ।

◆ **অঙ্গন্যাস-**

ক্লীঁ হৃদয়ায় নমঃ।ক্রীঁ শিরসে স্বাহা।কৃষ্ণ শিখায়ৈ বষট্।চৈতন্য কবচায় হুং।স্বাহা নেত্রত্রয়ায় বৌষট্। ক্লীঁ ক্রীঁ কৃষ্ণচৈতন্যায় স্বাহা করতলপৃষ্ঠাভ্যাম্ অস্ত্রায় ফট্।

করন্যাস-

ক্লীঁ অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ।

ক্রীঁ তর্জনীভ্যাং স্বাহা।

কৃষ্ণ মধ্যমাভ্যাং বষট্।

চৈতন্য অনামিকাভ্যাং হুং।

স্বাহা কণিষ্ঠাভ্যাং বৌষট্।

ক্লীঁ ক্রীঁ কৃষ্ণচৈতন্যায় স্বাহা করতলপৃষ্ঠাভ্যাম্ অস্ত্রায় ফট্।

◆ **পীঠন্যাস –**

(এই ক্ষেত্রে বিশেষ জ্ঞাতব্য এই যে পূজা পদ্ধতি সকলে বিশেষত পীঠন্যাস অগ্রে হয় অনন্তর করন্যাসাদি হইয়া থাকে কিন্তু এই ক্ষেত্রে মূল পদ্ধতিতে যাহা রহিয়াছে আমি তাহাই এই ক্ষেত্রে লিপিবদ্ধ করিলাম।)

:পীঠন্যাস ও পীঠশক্তি ন্যাস করিবে।ওঁ আধারশক্তয়ে নমঃ।এই ক্রমে প্রথমে ওঁ পরে নমঃ শব্দ যোগ করিয়া ন্যাস করিবে মূলপ্রকৃতৈ, কূর্ম্ম,অনন্তায়, পৃথ্ব্যৈ,ক্ষীরাব্ধয়ে,শ্বেতদ্বীপায়,রত্নমণ্ডপায়।

দক্ষস্কন্ধে ধর্ম্মায়।

বামস্কন্ধে জ্ঞানায়। বাম উরুতে বৈরাগ্যায়।

দক্ষ উরুতে ঐশ্বর্য্যায়।

মুখে অধর্ম্মায়।

বামস্পার্শে অজ্ঞানায়।

নাভিতে অবৈরাগ্যায়।

দক্ষপার্শ্বে অনৈশ্বর্য্যায়।

এই ক্রমে রত্ন মণ্ডপের অভ্যন্তরে চতুর্দিকে কেন্দ্রে-ওঁ কল্পবৃক্ষায় নমঃ ইত্যানুসারে রত্নবেদীকায়ৈ, রত্না সিংহাসনায়,আনন্দকন্দায়,প্রকৃতিময়পত্রেভ্য,বিকারময় কেশরেভ্য,তত্ত্বময় কর্ণিকায়ৈ,মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে,অং অর্কমণ্ডলায় দ্বাদশ কলাত্মনে,উং সোম মণ্ডলায় ষোড়শকলাত্মনে, সং সত্ত্বায়, রং রজসে, তং তমসে,আং আত্মনে,অং অন্তরাত্মনে, পং পরমাত্মনে, হ্রীং জ্ঞানাত্মনে নমঃ।

ইহার পর কেশরের মধ্যে ১৬ টি শক্তি এবং তন্মধ্যদেশে মুখ্য শক্তি'র ন্যাস করিবে—ওঁ লক্ষ্ময়ৈ নমঃ, ক্রমে ববসুমত্যৈ, ভদ্রায়ৈ, বিমলায়ৈ, অমলায়ৈ, অরুন্ধত্যৈ, গান্ধার্য্যৈ, ক্ষমায়ৈ, শান্তৈ, হরিপ্রিয়ায়ৈ, রত্যৈ, কান্ত্যৈ, ধৃত্যৈ, সত্যৈ, সুভদ্রায়ৈ। মধ্যে ওঁ বিষ্ণুপ্রিয়ায়ৈ নমঃ। পূর্ণমধ্যে ওঁ নমো ভগবতে বিষ্ণবে সর্ব্বভূতাত্মনে বাসুদেবায় সর্ব্বাত্মসংযোগযোগপদ্মপীঠাত্মনে নমঃ। এইরূপ পীঠ মন্ত্রে পীঠ সকলের অর্চনা করিয়া, পুনর্ব্বার ওঁ নমঃ সুদর্শনায়াস্ত্রায় ফট্ এই মন্ত্রী দিগ্বন্ধন করিবে। ইহার পর স্বক্রোড়ে অধো-বাম করদ্বয় উত্তানভাবে সংস্থাপন করিয়া তাহাতে পুষ্প লইয়া শ্রীকৃষ্ণ চৈতন্য পুরুযোত্তমের ধ্যান করিবে—

(নবদ্বীপধ্যান)

স্বর্ধনীতীরমাসাদ্য নবদ্বীপে জনালয়ে।
ব্রাহ্মণৈঃ পণ্ডিতৈর্ভট্টৈরাচার্য্যৈশ্চক্রবর্ত্তিভিঃ।

কবিভিঃ কবিরাজৈশ্চ কাব্যবিদ্ভির্বিচক্ষণৈঃ।
বৈদ্যৈর্বৈদ্যকশাস্ত্রজ্ঞৈর্জ্যোতির্বিদ্ভিঃ সমন্বিতে।
দাতৃভির্জ্ঞানিভির্ধন্যৈর্বেদবিদ্ভিশ্চ বৈষ্ণবৈঃ।
করবীরৈঃ সিতৈরক্তৈঃ শতপত্রৈশ্চতুর্বিধৈঃ।
নিষেবিতে পুনস্তত্র কদম্বতরুমূলতঃ।
দিব্যং মনোহরং স্থানং গন্ধবায়ুনিষেবিতৈঃ।
বেষ্টিতং ভক্তবর্য্যৈশ্চ তত্তদ্ভাবসমন্বিতৈঃ।
করস্থমাল্যযুগ্মৈশ্চ জয় গৌরেতি বাদিভিঃ।
ক্রমাৎ সপ্তবৃতিযুতৈর্দিব্যবেশবিভূষণৈঃ।
তন্মধ্যে বর্ত্ততে দিব্যং চতুরস্রং সুখাসনং।
ভক্তিভাবসমাযুক্তস্তত্রাসীনং বিচিন্তয়েৎ।

(চৈতন্যধ্যান)

ধ্যায়েদাতপ্ত জম্বূনদরুচিরুচিরং শুক্লরক্তান্তচীরং।
দিব্যরক্তাসনস্থং স্মিতবলিতমুখাম্ভোজরক্তদ্বিনেত্রং।
শ্রীখণ্ডালিপ্তবক্ষঃস্থলকলিতলসন্মালতীমাল্যযুগ্মং
চৈতন্যং দিব্যভূষং দ্বিজমুকুটমণিং ভক্তমালাভিষিক্তং।।

এই রূপ অর্চিত পীঠে পরমাত্মা লীলাপুরুষোত্তমের ধ্যান করিয়া হস্তস্থিত পুষ্পটি নিজের মস্তকের স্থাপন করিয়া মানসোপচারে পূজা করিবে, যথা—

কনিষ্ঠাভ্যাং লং পৃথিব্যাত্মকং গন্ধং সমর্পয়ামি নমঃ।
অঙ্গুষ্ঠাভ্যাং হং আকাশাত্মকং পুষ্পং সমর্পয়ামি নমঃ।
তর্জ্জনীভ্যাং যং বায়াত্মকং ধূপং সমর্পয়ামি নমঃ।
মধ্যমাভ্যাং রং বহ্যাত্মকং দীপং সমর্পয়ামি নমঃ।
অনামিকাভ্যাং বং অমৃতাত্মকং নৈবেদ্যং সমর্পয়ামি নমঃ।

ইহার পর পুষ্পটি ঘটোপরি প্রদান করিয়া, বিশেষার্ঘ্য স্থাপন করিবে,যথা প্রয়োগমাহ—

পূজক নিজের বাম দিকে চতুষ্কোণ মণ্ডল করিয়া সেই চতুষ্কোণ মণ্ডলের মধ্যে একটি বৃত্ত এবং তাহার মধ্যে একটি ত্রিকোণ মণ্ডল করিবে

এবং সেই ত্রিকোণ মণ্ডলের মধ্যে "হূং" এ বীজমন্ত্র লিখিয়া অর্চ্চনা করিবে। যথা— এতে গন্ধপুস্পে ওঁ আধারশক্তয়ে নমঃ, ওঁ কুর্ম্মায় নম;, ওঁ অনন্তায় নমঃ, অঁ পৃথিব্যৈ নমঃ।

তৎপরে উহার উপরে ত্রিপদিকা আরোপণ করিয়া "হূং ফট্" এই মন্ত্রে শঙ্খ ধুইয়া মণ্ডলের উপর রাখিবে। মূলমন্ত্র শুদ্ধ জল উহাতে দিয়া – 'মং বহ্নি মণ্ডলায় দশকলাত্মনে নমঃ, এই মন্ত্রে ত্রিপদিকায় – 'অং সূর্য্যমণ্ডলায় দ্বাদশ কলাত্মনে নমঃ'' এই মন্ত্রে শঙ্খে অনন্তর হৃদয়ায় নমঃ মন্ত্রে শঙ্খ মধ্যে গন্ধ পুস্প জব ও দূর্ব্বা বা নিক্ষেপ করিবে, ইহার পর বিলোম ক্রমে অর্থাৎ ক্ষকারাদি অকারন্তক্রমে ওঁ ক্ষং হং সং ষং শং বং লং রং যং মং ভং বং ফং পং নং ধং দং থং তং ণং ঢং ডং ঠং টং ঞং ঝং জং ছং চং ঙং ঘং গং খং কং অঃ অং ঔং ওং ঐং এং ল্লীং ৯ং (লীং) ঋৃং ঋং ঊং উং ঈং ইং আং অং । এই বিলোম মাতৃকা পাঠ করিতে করিতে তিন ভাগ জল পূরণ করিয়া" শিরসে স্বাহা "এই মন্ত্রের দ্বারা জলপূর্ণ করিবে। ইহার পর "উং সোমমণ্ডলায় যোড়শ কলাত্মনে নমঃ এই মন্ত্রে জলে পূজা করিবে।তৎপরে অঙ্কুশমুদ্রা দ্বারা জল শোধন করিবে। মন্ত্র যথা— 'ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি। নর্ম্মদে সিন্ধু কাবেরি জলেহস্মিন্ সন্নিধিং কুরু।।' পাত্র স্থিত বিমল জলে শ্রীচৈতন্য মহাপ্রভু কে চিন্তা করিবে, তদনন্তর শঙ্খস্থ জল তিনভাগ করিয়া মূলমন্ত্রে গন্ধপুস্প দিয়া পুস্প দূর্ব্বা, গন্ধ ও তণ্ডুলাদিতে অর্ঘ্য সাজাইয়া তদুপরি রাখিয়া "শিখায়ৈ বষট্ "মন্ত্রের দ্বারা গালিনী মন্ত্র দেখাইয়া, "নেত্রাভ্যাং বৌষট্" এই নেত্রমন্ত্রে নিজে দৃষ্টি নিক্ষেপ করিয়া "কবচায় হুং"এই মন্ত্রের দ্বারা অবগুণ্ঠনমুদ্র মুদ্রা প্রদর্শন করিয়া স্বীয় হৃদয় হইতে দেবতার অঙ্গমন্ত্র সকলকে আবাহন করিবে শঙ্খ পাত্রোপরি, এবং অঙ্গমন্ত্রে অঙ্গ দেবতাদের পূজা করিবে ইহার পর শ্রী শ্রী কৃষ্ণ চৈতন্য মহাপ্রভুকে আবাহনাদি অষ্টমূদ্রাপ্রদর্শনাভিবাদনাদির দ্বার আবাহন করিবে। ক্রমশঃ অস্ত্র মন্ত্রের দ্বারা দিগ্বন্ধন করিয়া বং মন্ত্রে ধেনুমুদ্রা প্রদর্শনপূর্ব্বক অমৃতীকরণ করিয়া শঙ্খমুদ্রা দেখাইয়া সেই জলে মৎস মুদ্রার দ্বারা আচ্ছাদন করিবে এবং মূল মন্ত্র অষ্টবার জপ করিবে।

তদনন্তর সেই বিশেষার্ঘ্যপাত্রের জল কিঞ্চিৎ প্রোক্ষণীপাত্রে লইয়া সেই জলে মূল মন্ত্র জপ করতো নিজ মস্তকে ও পূজার উপরকণাদিতে অভ্যুক্ষণ করিবে। (ছিটাইয়া দিবে)।

ইহার পর চৈতন্যানন্দ নামক যন্ত্র লিখিবে/আঁকিবে।

◆ ইহার পর পুনরায় ঋষ্যাদিন্যাস-কর-অঙ্গন্যাস -পীঠন্যাস এবং ধ্যান করিয়া পুনঃ মূলমন্ত্রপাঠপূর্ব্বক আবাহনাদি অষ্টমূদ্রাপ্রদর্শন পূর্বক আবাহনাদি করিয়া জীবন্যাসানুক্রমে দেবতার হৃদয়ে মৃগমুদ্রার দ্বারা প্রাণপ্রতিষ্ঠা করিয়া দেবতার অঙ্গে মূলমন্ত্রে ষড়াঙ্গন্যাস করিয়া সকলীকরন করিবে।

◆ ইহার পরে উপাচার/ ষোড়শোপচার নিবেদন করিবে—

১) আসন-মূলবীজান্তে ইদং রজতাসনং শ্রীকৃষ্ণচৈতন্যায় নমঃ।

২) স্বাগত -কৃতাঞ্জলি পাঠ-

(বীজ) শ্রীকৃষ্ণচৈতন্য দেবঃ স্বাগতং সুস্বাগতং।

৩) বীজ এতৎপাদ্যং শ্রীকৃষ্ণ চৈতন্য দেবায়ঃ নমঃ।

৪) অর্ঘ্য, তত্ত্ব মুদ্রায় নিবেদন-বীজ এষ শ্রীকৃষ্ণ চৈতন্যায়ার্ঘ্যং নিবেদয়ামি স্বাহা (অর্ঘ্যটি দেবতার শিরে তুলিয়া দিবে)

৫) আচমনীয়-বীজ ইদং আচমনীয়োদকং শ্রীকৃষ্ণচৈতন্যায় স্বধা।

৬) মধুপর্ক-বীজ এষ মধুপর্কঃ শ্রীকৃষ্ণচৈতন্যায় স্বধা।

৭) পুনরাচমনীয় -আচমনীয়বৎ।(ত্রয়বার)

৮) স্নানীয়-বীজ ইদং স্নানীয়োদকং শ্রীকৃষ্ণচৈতন্য দেবায়ঃ নমঃ।

৯) বাসসী-বীজ ইমানি সোপবিত বস্ত্রানি শ্রীকৃষ্ণচৈতন্য দেবায়ঃ নমঃ।

১০) আভরন-বীজং ইদং আমুকাভরণং শ্রীকৃষ্ণচৈতন্য দেবায়ঃ নিবেদয়ামি।

১১) গন্ধ -বীজ এষ গন্ধঃ শ্রীকৃষ্ণচৈতন্যদেবায়ঃ নমঃ।

১২) পুষ্প, বিল্বপত্র-বীজ ইদং সচন্দন পুস্প,বিল্বপত্রঞ্চ শ্রী কৃষ্ণচৈতন্যায় বৌষট্।

১৩) মাল্য-বীজ ইদং অমুকমাল্যং শ্রীকৃষ্ণচৈতন্যদেবায়ঃ নিবেদয়ামি।

১৪) ধূপ,দীপ -বীজ এষ ধূপ,দীপঞ্চ শ্রীকৃষ্ণচৈতন্যায় নমঃ।(ঘন্টা

বাদন পূর্বক দেবতার দৃষ্টি পর্যন্ত ধুপ দ্বীপ প্রদর্শন করাইবে।)

১৫) আমান্ননৈবেদ্য -বীজ ইদং সহিত আমান্ননৈবেদ্যং শ্রীকৃষ্ণচৈতন্যায় নিবেদয়ামি।

১৬) পানার্থোদক-বীজ ইদং পানার্থোদকং শ্রীকৃষ্ণচৈতন্যায় নিবেদয়ামি।

◆ আচমনীয়োদকং তাম্বুল-বীজ ইদং জল-তাম্বুলং শ্রী কৃষ্ণচৈতন্যায় নিবেদয়ামি।

◆ তর্পন- বীজ শ্রীমদ্‌কৃষ্ণ চৈতন্যং তর্পয়ামি নমঃ।(অমৃত/মধু/সমান্যার্ঘ্যোদকে)

◆ পঞ্চ পুষ্পাঞ্জলি -দেহের দক্ষিণ বামপাদে যথা শ্বেত ও কৃষ্ণ তুলসী,হৃদয়ে যথা শ্বেত করবী,মস্তকে রক্ত করবী,শিরোমধ্যে পদ্ম এবং সর্ব্বাঙ্গে সমগ্র -বীজ এতানি সচন্দন অমুকপুস্প-পত্রাঞ্জলি শ্রীকৃষ্ণ চৈতন্যায় বৌষট্

◆ **আবরণ পূজা-**

দেব! আজ্ঞাপয় ভবতঃ পরিবারান্ পূজয়ামি। এরূপ কৃতাঞ্জলি হইয়া পাঠ করিয়া দেবতা হইতে আবরণ পূজার আজ্ঞা প্রাপ্ত হইয়াছো ভাবিবে।

ইহার পরেতে যন্ত্রস্থ পদ্মকর্ণিকায় আগ্নেয়াদি চতুষ্ককোণে হৃদয়াদি অঙ্গদেবতা সকলের গন্ধ পুষ্পের দ্বারা ধ্যান করিয়া, পূজা করিবে ।

ধ্যান-

রক্তশ্যামপাটলাভশুক্লকৃষ্ণানলপ্রভা।
সুবর্ণবসনালেপযুক্তা দিব্যবিভূষণাঃ।
বরাভীতিকরা ধ্যেয়াঃ প্রেমস্নিগ্ধেক্ষণাঃ শুভাঃ।।

এইরূপে ধ্যান করিয়া, আবাহন করিয়া পূজা করিবে যথা

অগ্নিকোণ- ওঁ ক্রীঁ হৃদয়ায় নমো নমঃ।

নৈঋতে-ওঁ ক্রীঁ শিরসে স্বাহা নমঃ।

